

নিত্যকথা - মাহমুদা রুন্না

সময়ের বর্ননাগুলো অবননীয়
অপরাধমুক্ত
অসত্য -

অথবা সত্যের কাছাকাছি
গ্রহন যোগ্য
তথ্য ।

পলাতক সময় -
কতটা পথ পেরোলে দূর্জয়ে ?
দরজা খোলা আছে
ফিরে এসো নির্ভয়ে ।

প্রেমগুলো অপ্রেমময় ।
নিরন্তর অচলায়তন
ভাংতে চায় ।

ভালবাসার নিখোজ সংবাদ
সংবাদপত্রের প্রচ্ছদ ।
ছাড়পত্র পায় ।

প্রতিদিন, অন্যদিনের মতো
আপেক্ষিক বলয়ে আসে যায়
আশার আশায় ।

জীবনের জৈবিক কারন অকারনে
কারণিক যুক্তি খোঁজে
নিজস্ব ভাষায় ।

ক্লান্তির শ্বাসগুলো অক্লান্ত -
অবিরাম ওঠেনামে
নিভুতে নীরবে ।

মনের অচেনা রসায়নের
শব্দহীন কান্নার শিশির জমে ।
বিকোয় জলের দামে ।
বেচে থাকার গৌরবে ।

জীবনের ঘড়ির কাটা চলে,
চলে চলে ক্ষয়ে যায়
নিশ্চিত নিশ্চয়ে ।

প্রেম ভালবাসা, যেখানেই থাকো
দরজা খোলা আছে ।
ফিরে এস নির্ভয়ে ।